

১.০ ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ ৫টি অফিসের ১৯৯৯-২০০০ ও উহার পূর্ববর্তী নিরীক্ষা বৎসরসমূহের হিসাব, আর্থিক ও সম্পদ ব্যবস্থাপণায় গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়-ক্ষতি প্রভৃতির উপর ভিত্তি করিয়া এই অডিট রিপোর্ট প্রণীত হইয়াছে।

রিপোর্টে বর্ণিত ২২টি অনুচ্ছেদের মধ্যে একই রকমের ৮টি অনুচ্ছেদকে একীভূত করিয়া ৩টি এবং বাকী ১২টি আলাদা অনুচ্ছেদসহ মোট ১৫টি আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি অন্তর্ভুক্ত করা হইয়াছে।

উত্তর নিরীক্ষার (Post Audit) আওতায় নমুনামূলক নিরীক্ষা (Test Audit) ও শতকরা হার ভিত্তিক নিরীক্ষা (Percentage Audit) কার্যক্রমের ফলাফলের উপর ভিত্তি করিয়া এই রিপোর্ট প্রণীত হইয়াছে।

স্থানীয় পরিদর্শন ও নিরীক্ষায় যে সকল আর্থিক বিষয়কে গুরুতর বিবেচনা করিয়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়, সেই সকল বিষয়ে বিদ্যমান পদ্ধতি অনুযায়ী নিরীক্ষাধীন কার্যালয়, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এমন কি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের (প্রিন্সিপাল একাউন্টিং অফিসার) সহিত বিভিন্ন পর্যায়ে ও উপায়ে যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তির প্রচেষ্টা চালানোর পরও যে সকল আর্থিক অনিয়মের ব্যাপারে সন্তোষজনক জবাব পাওয়া যায় নাই, সেই সকল বিষয় এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হইয়াছে।

এই রিপোর্টটির ২টি অধ্যায় আছে। প্রথম অধ্যায়ে ১৫টি গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি অন্তর্ভুক্ত করা হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে অমীমাংসিত অডিট আপত্তি, অডিট আপত্তির ফলে আদায়কৃত/ সমন্বয়কৃত টাকার বিবরণী ইত্যাদি সন্নিবেশিত করা হইয়াছে। উল্লেখ্য এই রিপোর্টে অন্তর্ভুক্ত উক্ত মন্ত্রণালয়ের ৩০শে জুন ২০০০ পর্যন্ত মোট ৩৩৭৮টি অডিট আপত্তি অমীমাংসিত রহিয়াছে।